[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible].[illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] ([illegible]) [illegible]

[illegible] [illegible] ([illegible] [illegible]) [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible]’[illegible] [illegible]

[illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] ([illegible]) [illegible] [illegible] [illegible],

মেহেরপুর জজকোর্টের সিনিয়র আইনজীবী রমজান আলী আর নেই

মেহেরপুর জজকোর্টের সিনিয়র আইনজীবী ও সাবেক ছাত্র নেতা অ্যাডভোকেট রমজান আলী মারা গেছেন।

আজ বৃহস্পতিবার (১ সেপ্টেম্বর) সকাল পৌণে ৮ টার দিকে মারা যান তিনি।

এর আগে সকাল সোয়া ৭ টার দিকে গাংনী ডিগ্রী কলেজ পাড়াতে নিজ বাড়িতে তিনি হৃদরোগে আক্রান্ত হন। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার সময় মিরপুরের মধ্যে মারা যান তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল প্রায় ৫৫ বছর।

অ্যাডভোকেট রমজান আলীর স্ত্রী, এক ছেলে, আত্মীয় স্বজন, বন্ধু, বান্ধবসহ অসংখ্য গুণগ্রাহী রয়েছেন।

অ্যাডভোকেট রমজান আলী গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামের মৃতু তৈয়ব আলীর ছেলে। দীর্ঘদিন যাবৎ গাংনী ডিগ্রী কলেজপাড়াতে বাড়ি বানিয়ে রমজান আলী ও তার অপর ভাই মেহেরপুর জজকোর্টের সিনিয়র আইনজীবী নুরুল ইসলাম বসবাস করছিলেন।

রমজান আলীর বড় ভাই অ্যাডভোকেট নুরুল ইসলাম জানান, মরদেহ প্রথমে নিজ গ্রাম মহম্মদপুরে নেয়া হবে। বাদ জোহর সেখানে প্রথম নামাজে জানাযা শেষে গাংনীর বাড়িতে আনা হবে। গাংনীতে বাদ আছর দ্বিতীয় নামাজে জানাযা শেষে চৌগাছা কেন্দ্রীয় কবরস্থানে দাফন করা হবে।

এদিকে এই সিনিয়র আইনজীবীর মৃত্যুর খবর পাওয়ার সাথে সাথে গাংনীর সর্বস্তরের লোকজন তার বাড়িতে ছুটে আসেন। মেহেরপুর আইনজীবী সমিতির নেতৃবৃন্দও আসেন শোক সন্তপ্ত পরিবারের পাশে।

গাংনীতে একদিনে পৃথক চারজনের বিষপান

ছেলে ও পুত্রবধুর অত্যাচারে বৃদ্ধ মা, মোটরসাইকেল না পেয়ে কিশোর ও পারিবারিক কলহের জের ধরে দুই গৃবধু বিষপান করে আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন।

গাংনী উপজেলার পৃথক ৪ গ্রামে বুধবার (৩১ আগষ্ট) সকাল থেকে রাত আটটার মধ্যে বিষপানের এঘটনা ঘটে।

এদের মধ্যে বৃদ্ধা রমেছা খাতুন (৬৫) এর অবস্থা আশংকাজনক হওয়ায় কৃুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। বাকী তিনজনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হচ্ছে। গাংনী উপেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগ এ তথ্য নিশ্চিত করেছেন।

বুধবার দিবাগত রাত ৮ টার দিকে গাংনী উপজেলার কোদাইলকাটি কারিগর পাড়া এলাকার নবী ছদ্দিনের স্ত্রী রমেছা খাতুন তার একমাত্র ছেলে বাকিরুল ও তার স্ত্রী সালমা খাতুনের হাতে শারীরিক নির্যাতনের স্বীকার হয়ে বিষপান করেন।

রমেছা খাতুনের ভাই আরজ আলী ও রমেছার প্রতিবেশীরা জানান, রমেছার ছেলে বাকিরুল ইসলাম ও তার স্ত্রী সালমা খাতুন তুচ্ছ ঘটনায় মাঝে মধ্যেই মাতা রমেছা খাতুনকে মারধর করে। বুধবার দিবাগত রাতে সামান্য ঝগড়া ফ্যাসাদকে কেন্দ্র করে ছেলে ও পুত্রবধু রমেছাকে বেদম মারধর করে। পুত্রবধু ও ছেলের মারধর সহ্য করতে না পেরে নিজ ঘরে বিষপান করেন। এদিকে পারিবারিক কলহের জের ধরে এউপজেলার আড়পাড়া গ্রামের শহিদুল ইসলামের স্ত্রী পিঞ্জিরা খাতুন (২৮) রবিবার বিকাল পৌণে পাঁচটার দিকে বিষপান করেন। তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।এছড়া একই উপজেলার বাওট গ্রামের রাসেদুল ইসলামের স্ত্রী রেখা খাতুন (২৫) বিষপান করেন। স্বামী স্ত্রীর মধ্যেকার ঝগড়ার কারনে রেখা বিষপান করে বলে পারিবারিকভাবে জানা গেছে।

এদিকে, মোটরসাইকেল পছন্দ না হওয়ায় সুজুকি মোটরসাইকেল দাবি করে বাবার কাছে। তার দাবি পুরুণ না হওয়ায় জুলফিকার আলী ভূট্ট (১৭) নামের কিশোর বিষপান করেন। গাংনী উপজেলার বাথানপাড়া এলাকায় এ বিষপানের ঘটনা ঘটে।

বামন্দীতে ইস্টর্ন ব্যাংক লিমিটেডের এজেন্ট ব্যাংকের শাখা উদ্বোধন

দেশে রসর্বাধুনিক ও সহজ ব্যাংকিং সেবা নিয়ে ইস্টার্ন ব্যাংক লিমিটেড এখন বামুন্দী বাজারে ।

আজ বুধবার বিকেলে গাংনী উপজেলার বামুন্দী বাজারের ফজলুল হক টাওয়ারে ইস্টার্ন ব্যাংক লিমিটেডের এজেন্ট ব্যাংক শাখার উদ্বোধন করা হয়েছে। দেশের প্রথম সারির ব্যাংক ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) তাদের সহজ ব্যাংকিং সেবা সাধারণ মানুষের কাছে পৌছিয়ে দেওয়ার লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে।

তারই ধারা বাহিকতায় ইস্টার্ন ব্যাংক লিমিটেড তাদের এজেন্ট আউটলেট উদ্বোদন করেছে মেহেরপুর জেলার গাংনী থানার বামুন্দী ইউনিয়নে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বামুন্দী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃওবাইদুর রহমান কমল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বামুন্দি বাজার কমিটির সভাপতি ও সাবেক বামুন্দী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃআব্দুল আওয়াল বিশ্বাস, ইস্টার্ন ব্যাংক লিমিটেড যশোর ব্রাঞ্চ এর ম্যানেজার মোঃ আব্দুল হক, ইস্টার্ন ব্যাংক এজেন্ট ব্যাংকিং ডিপার্টমেন্ট এর এসোসিয়েট ম্যানেজার মোঃ রেজাউল ইসলাম এছাড়াও বিশিষ্ট ব্যাবসায়ী মোঃ আমিরুল ইসলাম, মোঃ সেলিম রেজা সহ আরো অনেকে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ও বুধবারে শিক্ষার্থীরা যাতায়াতে নানা ভোগান্তিতে পড়তো এখন থেকে এই ভোগান্তি আর রইল না। যথাস্থানে হাট বসায়অবমুক্ত একদিকে রাস্তা অবমুক্ত হয়েছে অন্যদিকে হাটের সৌন্দর্য বৃদ্ধি পেয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় এমন জনগুরুত্ব সংবাদ প্রকাশ হলে আমরাও প্রশাসনের পক্ষ থেকে বিষয়গুলি নজরে আসে এবং ব্যবস্থা গ্রহণ করতে সহজ হয় ।

মেহেরপুর বড় বাজারের মাংস ব্যবসায়ীকে সংশোধনের শর্তে প্রবেশনে মুক্তি

মেহেরপুর বড় বাজারের মাংস ব্যবসায়ী মোঃ শুকুর আলীকে সংশোধনের সুযোগ প্রদান করে প্রবেশের মুক্তির আদেশ দিয়েছেন বিশুদ্ধ খাদ্য আদালত।

আজ বুধবার (৩১ আগস্ট) বিশুদ্ধ খাদ্য আদালতের স্পেশাল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ এই আদেশ প্রদান করেন।

গত ১৩ সেপ্টেম্বর শনিবার মেহেরপুরের বড় বাজারে পচা গরুর মাংস বিক্রয় করছে এমন সংবাদের ভিত্তিতে বিশুদ্ধ খাদ্য আদলতের স্পেশাল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহর নেতৃত্বে অভিযান পরিচালনা করা হয়। অভিযোগের সত্যতা পেয়ে পাঁচ কেজি পচা গরুর মাংসসহ ব্যবসায়ীকে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করা হয়। বারো দিন তিনি জেল হাজতে আটক থাকার পর জামিনে মুক্তি লাভ করেন।

আজ বুধবার (৩১ আগষ্ট) মামলাটি চার্জ শুনানির জন্য দিন ধার্য ছিল। আসামি আদালতে উপস্থিত হয়ে স্বেচ্ছায় দোষ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে এমন অপরাধ করবেন না মর্মে অঙ্গীকার করেন। তিনি পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি এবং প্রথম অপরাধ বিবেচনায় আদালত তাকে দোষী সাব্যস্ত করে হাজতে প্রেরণের

পরিবর্তে সংশোধনের সুযোগ প্রদান করে এক বছরের জন্য প্রবেশনের আদেশ দেন।

এই সময়ে তিনি প্রবেশন কর্মকর্তার তত্ত্বাবধানে থাকবেন। আদালত এই সময়ে বিধি মোতাবেক পশু জবাই, মানসম্মত মাংস বিক্রয় এবং এ বিষয়ে ব্যবসায়ীদের মধ্যে সচেতনতা সৃষ্টিসহ কিছু শর্ত মেনে চলার নির্দেশ প্রদান করেন আদালত।

উক্ত শর্ত প্রতিপালিত হচ্ছে কি না সে বিষয়ে প্রতি দুই মাস অন্তর আদালতকে জানানোর জন্য প্রবেশন অফিসারকে নির্দেশ প্রদান করেন। পুনরায় একই অপরাধ করলে আসামির প্রবেশন আদেশ বাতিলপূর্বক তাকে আইনানুগ সাজা ভোগের জন্য জেল হাজতে প্রেরণ করা হবে বলেও আদালত আদেশে উল্লেখ করেন।

ঝিনাইদহে বিএনপি নেতাকর্মীদের উপর হামলার প্রতিবাদে সংবাদ সম্মেলন

ঝিনাইদহে বিএনপি নেতাকর্মীদের উপর সন্ত্রাসী হামলা, ব্যবসায় প্রতিষ্ঠান ও বাড়িঘর ভাংচুর ও লুটপাটের অভিযোগ করে সংবাদ সম্মেলন করেছে জেলা বিএনপি।

বুধবার (৩১আগস্ট) বেলা ১২টায় শহরের এইচএসএস সড়কস্থ জেলা বিএনপির কার্যালয়ে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ লিখিত বক্তব্যে বলেন, গত কাল মঙ্গলবার বিএনপির কেন্দ্রীয় ঘোষিত বিক্ষোভ কর্মসূচী সফল করার লক্ষ্যে ঝিনাইদহের প্রত্যন্ত অঞ্চল থেকে নেতা কর্মীদের আসা এবং যাওয়ার পথে তাদের উপর দেশীয় অস্ত্র, লাঠি, রামদা, হকিস্টিক ও হাতুড়ি দিয়ে হামলা করা হয়েছে। ভাংচুর ও লুট করা হয়েছে বিএনপি নেতাদের ব্যবসায় প্রতিষ্ঠান এবং বাড়ি ঘর। হামলায় শতাধিক নেতাকর্মী আহত হয়েছেন। এরমধ্যে ২৭ জন গুরুতর আহত

মেহেরপুরে পুলিশ কর্মকর্তাকে আবেগঘন পরিবেশে বিদায়

৩৯ বছর চাকুরীজীবন শেষে পিআরএলে যাওয়া সহকর্মী পুলিশ পরিদর্শক ছামিউল হককে আবেগঘন পরিবেশে আনুষ্ঠানিক বিদায় জানানো হয়েছে।

আজ বুধবার (৩১ আগষ্ট) দুপুরের দিকে মেহেরপুর পুলিশের পক্ষ থেকে তাকে বিদায় জানানো হয়।

মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম নিজ কার্যালয়ে বিদায়ী পুলিশ কর্মকর্তা উপহার সামগ্রী দিয়ে তাকে বিদায় সংবর্ধনা প্রদান করেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলামসহ অন্যান্য অফিসারবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম বলেন, দীর্ঘ সময় বাংলাদশে পুলিশ বাহিনীতে সংশ্লিষ্ট থেকে সততা ও ন্যায় নিষ্ঠার সাথে জনগনকে সেবা প্রদান করেছেন ছামিউল হক। তার এই অবদান সাধারণ মানুষের পাশাপাশি বাংলাদেশ পুলিশ বাহিনি সব সময় মনে রাখবে। এসময় তিনি তার ভবিষ্যৎ জীবনেরও মঙ্গল কামনা করেন। এসময় উপস্থিত সকলেই আবেগ আপ্লুত হয়ে পড়েন।

গাংনীতে পছন্দের মোটরসাইকেল না পেয়ে কিশোরের বিষপান

মহিষ বিক্রি করে ছেলের শখের মোটরসাইকেল কিনে দিয়েছেন দিন মজুর বাবা। ছোট মোটরাসাইকেল আর নয়, এবার তার চাহিদা দামি ব্র্যান্ড সুজকি ১৫০ সিসির ডাবল ডিস্কের মোটরসাইকেলের। পরিবারের

অস্বচ্ছলতার কারণে, তার চাহিদা পুরুণ করতে পারেনি বাবা মা। অভিমানে জুলফিকার আলী ভুট্টো (১৬) নামের এক কিশোর বিষপানে আত্মহত্যার চেষ্টা চালিয়েছে। জুলফিকার আলী ভূট্টো গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের স্কুলপাড়া এলাকার কেরু আলীর ছেলে।

আজ বুধবার (৩১ আগষ্ট) সকাল সাড়ে ৯ টার দিকে নিজ বাড়িতে বিষপান করলে মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নিয়ে আসেন পারিবারের লোকজন।

জুলফিকারের মা রুপালী খাতুন বলেন, মহিষ বিক্রি করে ছেলেকে একটা মোটরসাইকেল কিনে দিয়েছি। অনেক কষ্টা করে আমার সংসার চলে। এখন আবার সে বড় মোটরসাইকেল নেওয়ার দাবী করছে। মোটরসাইকেলের দাবীতে ২/৩ দিন রাগ করে খাওয়া দাওয়া বন্ধ করে দিয়েছে। আজ সে বিষপান করেছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেরর জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সুমাইয়া আফরোজ জানান, জুলফিকারের অবস্থা বর্তমানে ভাল। তাকে হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা রাখা হয়েছে।

গাংনীতে মোটরাসাইকেল রেস খেলতে গিয়ে কিশোর আহত

মোটরাসাইকেল রেস খেলতে গিয়ে গাছের সাথে ধাক্কায় মারাত্বক আহত হয়েছেন রাব্বী হোসেন (১৪) নামের এক কিশোর। আহত রাব্বী গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামের নজরুল ইসলামের ছেলে।

আজ বুধবার (৩১ আগষ্ট) সকাল ১১ টার দিকে সাহারবাটি-হিজলবাড়িয়া সড়কের টেপিখালি মাঠের আটকবর এলাকায় এ দূর্ঘটনাটি ঘটে।

আহত রাব্বীকে স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। তার অবস্থার অবনতি হলে মেহেরপুর ২৫০

শয্যার জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

রাব্বীর বড়ভাই শাকিব হোসেন জানান, রাব্বী ও তার অপর এক বন্ধু মিলে সাহারবাটি-হিজলবাড়িয়া রাস্তায় মোটরসাইকেল রেস খেলতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের একটি গাছের সাথে ধাক্কা খায়। পরে সেখান থেকে আবারো পার্শ্ববর্তি খাদে পড়ে মারাত্বক আহত হন। তার ব্যহৃত মোটরাসাইকেলটিও মারাত্বক ক্ষতিগ্রস্থ হয়েছে বলে জানান শাকিব।

আহত রাব্বী বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।